দৈনিক ইত্তেফাক

তারিখ 07 OCT 1995
পৃষ্ঠা ৭ কলাম ৫

128

ঢাকা বিশ্ববিদ্যালয়ে

## ২৩ ও ২৪শে অক্টোবর হইতে পরীক্ষা শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কোর্স পদ্ধতির তৃতীয় বর্ষ বিএ ও বিএসএস সম্মান পরীক্ষা ২৩শে অক্টোবর এবং শেষ পর্ব এমএ ও এমএসএস পরীক্ষা ২৪শে অক্টোবর হইতে শুরু হইবে। বুধবার ও বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন, চেয়ারম্যান এবং শিক্ষকদের এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। ২৩ ও ২৪শে অক্টোবর দ্বিতীয়পত্রের পরিবর্তে প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হইবে। পূর্ব নির্ধারিত সূচী অনুযায়ী ১৭ই অক্টোবর হইতে এই পরীক্ষা শুরু হইবার কথা ছিল। বৃহস্পতিবারের সভায় পরীক্ষা পিছাইবার দাবীতে সম্প্রতি প্রশাসনিক ভবনে ভাংচুরের ঘটনার নিন্দা এবং উহার সহিত জড়িতদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবী জানান হয়।

সভায় বলা হয় পরীক্ষা পিছানো বা পরীক্ষার সময়সূচী পরিবর্তনের কোন যৌক্তিকতা নাই। কারণ যথাসময়ে কোর্স সমাপ্ত হইয়াছে এবং ইনকোর্স ও টিউটোরিয়াল পরীক্ষাও যথাসময়ে গৃহীত হইয়াছে।

সম্প্রতি কিছু সংখ্যক ছাত্র-ছাত্রী পরীক্ষা পিছানো ও পরীক্ষার মধ্যবর্তী সময়ে অন্তত ১৫ দিন বিরতির দাবীতে ক্যাম্পাসে ভাংচুরের ঘটনা ঘটায়। সভায় ১৬ই অক্টোবর হইতে বিরোধী দলের ৯৬ ঘন্টার হরতাল কর্মসূচীর কারণে পরীক্ষা পিছান হইয়াছে। বিরতির সময় বৃদ্ধি করা হয় নাই।